যুগান্তর

তারিখ 23 JUN 2015
পৃষ্ঠা ২০ কলাম ৪

# প্রাইভেট ভার্সিটির ওপর ভ্যাট প্রত্যাহারে সমাবেশ

যুগান্তর রিপোর্ট

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষায় আরোপিত ভ্যাট প্রত্যাহারের দাবিতে সোমবার দুই দফা সমাবেশ করেছে শিক্ষার্থীরা। দুপুর সোয়া ১২টার দিকে প্রথমে প্রেস ক্লাবের সামনে এবং পরে প্রেস ক্লাবের পাশে সচিবালয়ে প্রবেশের রাস্তার মুখে এ সমাবেশ হয়।

বেসরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষা অধিকার আন্দোলন নামে একটি সংগঠন অর্থ মন্ত্রণালয় ঘেরাও কর্মসূচি দিয়েছিল। নতুন বাজেটে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর ১০ ভাগ ভ্যাট আরোপের প্রতিবাদ এবং প্রত্যাহারের দাবিতে এ কর্মসূচি প্রথমে সমাবেশের মাধ্যমে শুরু হয়। এতে সংগঠনের প্রধান সমন্বয়ক তাহারাত লিয়ন, রাসেল আহমেদ, তৌফিক তমাল, ফরহাদ সরকার সোহান প্রমুখ বক্তৃতা করেন। বক্তারা বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শুধু বিত্তশালীদের সন্তানরা লেখাপড়া করে না। পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তিবঞ্চিত নিম্ন মধ্যবিত্ত এবং মধ্যবিত্ত পরিবারের অনেক সন্তানও লেখাপড়া করে। এমনিতেই লেখাপড়ার খরচ জোগাতে এসব পরিবারকে অনেক কাঠখড় পোহাতে হয়। এর ওপর যদি ১০ ভাগ ভ্যাট আরোপ করা হয় তাহলে তা মড়ার উপর খাঁড়ার ঘা'র মতো হবে।

সমাবেশে প্রায় দেড়শ' ছাত্রছাত্রী অংশ নেয়। প্রায় ৩০ মিনিট সমাবেশের পর শিক্ষার্থীরা মিছিলসহ সচিবালয়ে অবস্থিত অর্থ মন্ত্রণালয় ঘেরাওয়ের উদ্দেশে রওনা হলে প্রেস ক্লাবের পাশের রাস্তার প্রবেশমুখেই পুলিশ আটকে দেয়।